**Director General**
Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning

**মহাপরিচালক**
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

উপানুষ্ঠানিক পত্র নং: ৫২.০১.০০০০.২৩২.৩৮.০০১.২৪.৭০২

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের সরকারি পরিসংখ্যানের গবেষণাভিত্তিক ব্যবহার সম্প্রসারণ, প্রমাণভিত্তিক নীতি প্রণয়নে সহায়তা প্রদান এবং উচ্চশিক্ষা ও গবেষণাকে আরও সমৃদ্ধ করার লক্ষ্যে সম্প্রতি **মাইক্রোডাটা অ্যানালাইসিস ল্যাব** প্রতিষ্ঠা করেছে। বিবিএস পরিচালিত বিভিন্ন জাতীয় শুমারি ও জরিপের মাইক্রোডাটা দেশের অমূল্য জাতীয় সম্পদ। গবেষকদের জন্য এ তথ্য নিরাপদ ও নিয়ন্ত্রিত পরিবেশে ব্যবহারের সুযোগ সৃষ্টি করতে বিবিএস অত্যাধুনিক নিরাপত্তা ব্যবস্থাসমৃদ্ধ এই ল্যাব প্রতিষ্ঠা করেছে। বিবিএসের সকল শুমারি ও জরিপের ১০০% মাইক্রোডাটা শুধুমাত্র অন-সাইট ল্যাব পরিবেশে ব্যবহারের জন্য উন্মুক্ত রাখা হয়েছে, যাতে তথ্যের গোপনীয়তা, নিরাপত্তা এবং পরিসংখ্যান আইন, ২০১৩-এর বিধান যথাযথভাবে প্রতিপালিত হয়। ল্যাবটিতে গবেষকগণ আধুনিক পরিসংখ্যান ও ডেটা বিশ্লেষণ সফটওয়্যার (Stata, R, SPSS, Python এবং অন্যান্য প্রয়োজনীয় সফটওয়্যার) ব্যবহার করে উচ্চমানের গবেষণা, থিসিস, ডিসার্টেশন, গবেষণা প্রবন্ধ এবং নীতিগত বিশ্লেষণ পরিচালনা করতে পারবেন। গবেষণার ফলাফল প্রকাশের পূর্বে প্রয়োজনীয় Disclosure Review-এর মাধ্যমে তথ্যের গোপনীয়তা নিশ্চিত করা হবে।

২) আমি বিশ্বাস করি, এ ল্যাব বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থী, এমফিল ও পিএইচডি গবেষকদের জন্য একটি গুরুত্বপূর্ণ গবেষণা অবকাঠামো হিসেবে কাজ করবে এবং দেশে তথ্যভিত্তিক গবেষণার নতুন দিগন্ত উন্মোচন করবে। গবেষকদের সুবিধার্থে বিবিএসের ওয়েবসাইটের (www.bbs.gov.bd) মাধ্যমে Online Registration-এর ব্যবস্থাও চালু করা হয়েছে। অনুমোদিত আবেদনকারীগণ নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে সহজেই ল্যাব ব্যবহারের জন্য আবেদন করতে পারবেন।

৩) এমতাবস্থায়, আপনার বিভাগের শিক্ষক, গবেষক এবং শিক্ষার্থীদের মধ্যে মাইক্রোডাটা অ্যানালাইসিস ল্যাবের সুবিধাসমূহ সম্পর্কে অবহিত করার এবং তাঁদের গবেষণা কার্যক্রমে ল্যাবটি ব্যবহারে উৎসাহিত করার জন্য আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

শ্রদ্ধান্তে —

আন্তরিকভাবে আপনার,


১০/৮/২৬

(মোঃ শামীমুল হক)

প্রফেসর ড. জাফর আহমেদ খান
চেয়ারম্যান
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

all
11/8/26

অধ্যাপক ড. জাফর আহমেদ খান
চেয়ারম্যান
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়




**মাইক্রোডাটা অ্যানালাইসিস ল্যাব ব্যবহারের প্রধান সুবিধাসমূহঃ**

- বিবিএস পরিচালিত সকল শুমারি ও জরিপের মাইক্রোডাটায় নিরাপদ অন-সাইট প্রবেশাধিকার।
- আন্তর্জাতিক মানের পরিসংখ্যান ও ডেটা বিশ্লেষণ সফটওয়্যার ব্যবহারের সুযোগ।
- তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিত করে গবেষণা পরিচালনার আধুনিক পরিবেশ।
- পরিসংখ্যান আইন, ২০১৩ এবং বিবিএসের তথ্য প্রকাশ নীতিমালা অনুসরণপূর্বক গবেষণা পরিচালনার সুযোগ।
- জাতীয় উন্নয়ন, দারিদ্র্য, শ্রমবাজার, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, শিল্প, জনমিতি, এসডিজি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে উচ্চমানের গবেষণার সুযোগ।
- গবেষণার ফলাফল প্রকাশের পূর্বে Disclosure Review-এর মাধ্যমে তথ্যের নিরাপত্তা নিশ্চিতকরণ।
- অনুমোদিত ব্যবহারকারীদের ল্যাবের মাইক্রোডাটায় বিনামূল্যে প্রবেশাধিকার।